

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মিটার বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩৮.০৭.০৩৭.২৩ নথির বিষয়: Replace & Installation of flow meter from any sources, projects and MODS Zone 4 & 5, Dhaka WASA.

নোট: ১ নোটের বিষয়: Replace & Installation of flow meter from any sources, projects and MODS Zone 4 & 5, Dhaka WASA.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৭/৭/২৩ ৫:০২ অপরাহ্ন

সংযুক্ত ক্রমিক নং-১ থেকে ৩ পর্যন্ত অনুগ্রহপূর্বক দেখা যেতে পারে। ঢাকা ওয়াসার মডস জোন-৪ এবং জোন-৫ এর আওতাধীন বিপুল সংখ্যক পাম্পের ডেলিভারী লাইনের বিদ্যমান ২০০ মি.মি. ব্যাস ফ্লো-মিটার দীর্ঘদিন ব্যবহার ও অন্যান্য যান্ত্রিক ত্রুটির কারণে অচল হয়ে পড়েছে। ত্রুটিযুক্ত মিটার মেরামত/প্রতিস্থাপন করা না হলে পাম্পের পানি উৎপাদন সঠিক ভাবে নিরূপন করা সম্ভব হচ্ছে না। পাম্প সমূহের অচল মিটারগুলি পরিবর্তন/সচল করা প্রয়োজন মর্মে মডস জোন-৪ এবং জোন-৫ থেকে অত্র বিভাগে নিয়মিত তালিকাসহ কাজ বাস্তবায়নে পত্র প্রেরণ করেছেন। বর্ণিত কাজগুলি জরুরী ভিত্তিতে সম্পাদনের জন্য অত্র বিভাগে পর্যাণ্ট জনবল, টুলস, গাড়ি ইত্যাদি মওজুদ নেই। প্রতি মাসে ও এন্ড এম উইং মিটিং এ অচল/সচল ফ্লো-মিটার সমূহ নিয়ে আলোকপাত করা হয় এবং এ ব্যাপারে সকল মডস জোন হতে মিটার বিভাগকে বারবার তাগিদ দেওয়া হয়। সেই মোতাবেক ঢাকা ওয়াসার বিদ্যমান মডস জোন-৪ এবং জোন-৫ এর গভীর নলকূপে দৈনিক পানি উৎপাদনে সঠিক পরিমাণ নিরূপন করার লক্ষ্যে মিটারগুলি মেরামত করে ও স্থাপন করা জরুরী প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৭/৭/২৩ ৫:০২ অপরাহ্ন

জরুরী ভিত্তিতে আলোচ্য কাজ সমূহ বাস্তবায়নের জন্য পূর্বানুমোদিত দরে (সংযুক্ত-২) প্রস্তুতকৃত প্রাক্কলনে (সংযুক্ত-৩) সাকুল্যে টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৪,৯০,৯৯৬/- (চার লক্ষ নব্বই হাজার নয়শত ছিয়ানব্বই) টাকা মাত্র। উক্ত ব্যয়ভার অত্র বিভাগের অনুকূলে বরাদ্দকৃত বাজেটের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ২০২৩-২৪ অর্থবছরের “ফ্লো-মিটার রক্ষনাবেক্ষণ” খাত এর ক্রমিক নং-১২ (FW12) এ অন্তর্ভুক্ত রয়েছে। কাজটি পিপিআর-২০০৮ এর ৭৬/১(ট) ধারা মোতাবেক DPM পদ্ধতিতে অভিজ্ঞ ঠিকাদারী প্রতিষ্ঠান "M.M. Engineering Enterprise" এর সাথে সরাসরি চুক্তির মাধ্যমে সম্পাদনের সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।


সংযুক্তিসমূহ (৩):

- ১। ২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা।
- ২। Approved Rate 200 mm.pdf
- ৩। Estimate.pdf

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১৭/৭/২৩ ৫:০২ অপরাহ্ন

এমতাবস্থায়, Replace & Installation of flow meter from any sources, projects and MODS Zone 4 & 5, Dhaka WASA. কাজগুলো জরুরী ভিত্তিতে সুষ্ঠুভাবে সম্পাদন করার স্বার্থে প্রাক্কলিত ৪,৯০,৯৯৬/- (চার লক্ষ নব্বই হাজার নয়শত ছিয়ানব্বই) টাকা মাত্র কাজটি পিপিআর-২০০৮ এর ৭৬/১(ট) ধারা মোতাবেক DPM পদ্ধতিতে ঠিকাদারী প্রতিষ্ঠান "M.M. Engineering Enterprise" এর সাথে সরাসরি চুক্তির মাধ্যমে সম্পাদনের জন্য অনুমোদন দেয়া যেতে পারে। অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী এই অনুমোদন প্রধান প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারাধীন। সবিনয়ে উপস্থাপন করা হলো।


নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা



২৭/৭/২৩ ৬:০৯ অপরাহ্ন
ওবায়দুর রহমান
উপ-সহকারী প্রকৌশলী
মিটার বিভাগ



৩১/৭/২৩ ৯:১০ পূর্বাহ্ন
মোঃ মাহবুব হাসান
নির্বাহী প্রকৌশলী
মিটার বিভাগ



২/৮/২৩ ১১:৩০ পূর্বাহ্ন
মোঃ ইকবাল আহমেদ মজুমদার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি
দায়িত্ব)
এস এম ডব্লিউ সি সার্কেল

২/৮/২৩ ১১:৩০ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৩/৮/২৩ ১২:২৯ অপরাহ্ন


অনুমোদিত



৩/৮/২৩ ১২:২৯ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



১০/৮/২৩ ২:৫৯ অপরাহ্ন
মোঃ মাহবুব হাসান
নির্বাহী প্রকৌশলী
মিটার বিভাগ



২৩/৮/২৩ ৩:৩৯ অপরাহ্ন
ওবায়দুর রহমান
উপ-সহকারী প্রকৌশলী
মিটার বিভাগ

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা